

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
সার্ক ও বিমস্টেক অনুবিভাগ
সার্ক শাখা
ঢাকা

নং সার্ক-১০/৩/২০০৯/২০১৭/৫২৭

২৫ জানুয়ারী ২০১৭

প্রেরকঃ মোঃ খায়রুল বাশার
সিনিয়র সহকারী সচিব (সার্ক)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

প্রাপকঃ জনাব তারেক আহমেদ
মহাপরিচালক (সার্ক ও বিমস্টেক)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

বিষয়ঃ আগামী ০১-০২ ফেব্রুয়ারী ২০১৭ তারিখে কাঠমুন্ডু, নেপালে অনুষ্ঠিতব্য সার্ক এর ৫৩তম প্রোগ্রামিং কমিটির সভায় অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ প্রতিনিধি দলের দলনেতা হিসেবে জনাব তারেক আহমেদ, মহাপরিচালক (সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে নেপাল সফরের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন প্রসঙ্গে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ০১-০২ ফেব্রুয়ারী ২০১৭ তারিখে কাঠমুন্ডু, নেপালে অনুষ্ঠিতব্য সার্ক এর ৫৩তম প্রোগ্রামিং কমিটির সভায় অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ প্রতিনিধি দলের দলনেতা হিসেবে জনাব তারেক আহমেদ মহাপরিচালক (সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে নেপাল সফরের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন করছে।

০২। এ প্রশাসনিক মঞ্জুরী নিম্নবর্ণিত শর্ত ও বিধি সাপেক্ষে প্রযোজ্য হবেঃ

- ক) উপর্যুক্ত সভায় অংশগ্রহণকাল (ভ্রমণকাল, ট্রানজিটকালসহ) সরকারী কাজে কর্তব্যরত বলে গণ্য হবে;
- খ) আপনি প্রচলিত বিধি ও নিয়মানুযায়ী প্রযোজ্য বিমান ভাড়া এবং আনুষঙ্গিক ভাতাদি স্থানীয় মুদ্রায় উত্তোলন করবেন এবং তা পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থবছরে বরাদ্দকৃত বাজেটের সার্ক অনুবিভাগের “সার্কের অন্যান্য কর্মসূচী-৩-১৮০৫-৪৩০১-৫৯০১” উপখাত হতে মেটানো হবে;
- গ) উপর্যুক্ত সভায় যোগদানের জন্য আপনি আগামী ৩১ জানুয়ারী ২০১৭ তারিখ বা তার নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং ০৩ ফেব্রুয়ারী ২০১৭ তারিখ বা তার নিকটতম সময়ে ঢাকায় প্রত্যাবর্তন করবেন;
- ঘ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করবেন না।


০৩। জনস্বার্থে ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

মোঃ খায়রুল বাশার
সিনিয়র সহকারী সচিব (সার্ক)
ফোন: ৯৫৫৬৩২৭

Email: assaarc@mofa.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২. পরিচালক (পররাষ্ট্রমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিব-এর দপ্তর/সংস্থাপন/অর্থ/সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুন বাগিচা, ঢাকা।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৫. সহকারী সচিব (ICT)
৬. অফিস কপি।


২৫/১/১৭
মোঃ খায়রুল বাশার
সিনিয়র সহকারী সচিব (সার্ক)